

# 🗏 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩: ৪৮

## আরবি মূল আয়াত:

# وَ يُعَلِّمُهُ الكِتٰبَ وَ الحِكمَةَ وَ التَّورٰبةَ وَ الإِنجِيلَ ﴿٢٨﴾

#### 🗚 অনুবাদসমূহ:

'আর তিনি তাকে কিতাব, হিকমাত, তাওরাত ও ইনজীল শিক্ষা দেবেন'। — আল-বায়ান আর তিনি তাকে কিতাব, হিকমাত, তাওরাত ও ইঞ্জিল শিক্ষা দেবেন। — তাইসিরুল তিনি তাকে গ্রন্থ, বিজ্ঞান এবং তাওরাত ও ইঞ্জীল শিক্ষা দিবেন। — মুজিবুর রহমান

And He will teach him writing and wisdom and the Torah and the Gospel - Sahih International

৪৮. আর তিনি তাকে শিক্ষা দেবেন কিতাব, হিকমত, তাওরাত ও ইঞ্জীল।

তাফসীরে জাকারিয়া

## (৪৮) তিনি (আল্লাহ) তাকে শিক্ষা দেবেন লিখন, [1] প্রজ্ঞা, তওরাত ও ইঞ্জীল।

[1] کَتَابٌ এর অর্থ লিখন বা লেখা; যেমন অনুবাদে তা-ই গ্রহণ করা হয়েছে। অথবা কিতাব বলতে ইঞ্জীল ও তাওরাত ছাড়াও আরো একটি কিতাব যার জ্ঞান আল্লাহ ওদেরকে দিয়েছিলেন। (কুরত্ববী) অথবা তাওরাত ও ইঞ্জীল হল 'কিতাব' আর 'হিকমাহ' তার তফসীর বা ব্যাখ্যা।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=341

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন